

অপহরণ থামছেই না

এপ্রিল ৩০, ২০১৪

দেশের কোথাও না কোথাও প্রতিদিনই অপহরণ বা অপহরণের পর লাশ উদ্ধারের ঘটনা ঘটছে। কিন্তু কারা, কেন এসব ঘটাচ্ছে, তার কিছুই জানা যাচ্ছে না। ফলে এ নিয়ে দেশজুড়ে আতঙ্ক বাড়ছে।

অভিযোগ উঠেছে, অপহরণের ঘটনাগুলোর কোনো তদন্তই হয় না। কোথাও চাপের মুখে পুলিশ অভিযোগ নিলেও তদন্ত হচ্ছে নামেমাত্র।

গতকাল মঙ্গলবার ঢাকার ধামরাই থেকে অপহৃত হয়েছেন এক ব্যবসায়ী। নাটোরে অপহৃত ভট্টভট্টিচালকের লাশ উদ্ধার করেছে পুলিশ। সিরাজগঞ্জের উল্লাপাড়ায় অপহরণের ৪০ ঘটনা পর অচেতন অবস্থায় উদ্ধার হয়েছেন আরেক ব্যক্তি। নোয়াখালীতে বিএনপির নেতা অপহরণের সাড়ে সাত ঘটনা পর এবং চট্টগ্রামে দুজন অপহরণের ছয় ঘটনা পর উদ্ধার হয়েছেন।

এদিকে জন-আতঙ্ক দূর করতে গতকাল সংবাদ সম্মেলন করেছেন গাজীপুর জেলার পুলিশ সুপার আবদুল বাতেন। স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী আসাদুজ্জামান খান বলেছেন, আতঙ্কিত হওয়ার কারণ নেই। অপরাধীদের গ্রেপ্তার করা হচ্ছে।

মানবাধিকার সংস্থা আইন ও সালিশ কেন্দ্রের দেওয়া পরিসংখ্যানে দেখা গেছে, এ বছরের চার

মাসেই সারা দেশে ৫৩ জন অপহরণের শিকার হয়েছেন। এ হিসাব নেওয়া হয়েছে
সংবাদপত্র থেকে। ফলে যেসব ঘটনা সংবাদপত্রে আসেনি, সেগুলো হিসাবের বাইরে রয়ে
গেছে।